

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১২৯

৯. পানীয় অধ্যায় (كتاب الأشرية)

পরিচ্ছেদঃ ৩. মদপানকারীদের উপর কঠোর হুঁশিয়ারী

بَابِ فِي التَّشْدِيدِ عَلَى شَارِبِ الْخَمْرِ

আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ شَرِبَ الْخَمْرَ فِي الدُّنْيَا ثُمَّ لَمْ يَتُبْ مِنْهَا حُرِمَهَا فِي الْآخِرَةِ فَلَمْ يُسْقَهَا

বাংলা

২১২৯. ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "যে ব্যক্তি দুনিয়াতে মদ পান করবে, অত:পর তা হতে তাওবা করবে না, আখিরাতে তার জন্য তা হারাম করা হবে, ফলে সে তা থেকে পান করতে পারবে না।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ বা উত্তম। হাদীসটি বুখারী মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।
তাখরীজ: মালিক, আশরিবাহ ১১ সহীহ সনদে; বুখারী, আশরিবাহ ৫৫৭৫; মুসলিম, আশরিবাহ ২০০৩।
আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবান নং ৫৩৬৬ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন